(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
সংস্থাপন শাখা
www.magura.gov.bd

নম্বর: ০৫.৪৪.৫৫০০.০০৭.১০.০৯৬.২৫-১৭৮(৬৫)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ / ৩১ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধনী)

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬/০১/২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪২.১৫-০৮ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ০৬.০৫.২০২৫ তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৫১.০০৫.২৫-২১(যুক্ত) নম্বর স্মারক মূলে মাগুরা জেলা প্রশাসকের কার্যালয় ও জেলাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাধারণ প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সরাসরি পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে মাগুরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড- ১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশুটিং-এ দক্ষতা;<br>গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>ঘ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং গতি:<br>বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ |
| ০২ | সার্টিফিকেট সহকারী | গ্রেড- ১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশুটিং-এ দক্ষতা;<br>গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>ঘ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং গতি:<br>বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ |

**আবেদনের শর্তাবলি:**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ৩১-০৮-২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মাগুরার কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণনাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.mopa.gov.bd অথবা জেলা প্রশাসক, মাগুরার ওয়েবসাইট www.magura.gov.bd এর নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। এ ছাড়া মাগুরা জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৪। প্রার্থীর বয়সসীমা ৩১-০৮-২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া বয়সসীমা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৬। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/ প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে/যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

CamScanner

০৭। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের অনুলিপি/ছবি একজন প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) সত্যায়িত করতে হব।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) প্রথম শেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান হিসেবে চাকরির আবেদন করতে আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) কপি দাখিল করতে হবে;

চ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত পরিচয় বিষয়ক সনদপত্র;

জ) কম্পিউটার প্রশিক্ষণের দক্ষতার সনদপত্র;

ঞ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ও স্ট্যাম্প সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে;

ট) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ তে ১০০/-(একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি (প্রথম কপি) আবেদনের সাথে সংযুক্ত করতে হব;

ঠ) চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ এবং সংশোধীত ২০২৪ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। উপযুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় শুধু যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১২। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে বা কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে; তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও সময়ে প্রার্থীদের নির্বাচনী/লিখিত, ব্যবহারিক, মৌখিক বা প্রাসঙ্গিক টেকনিক্যাল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩০.০৭.২০২৫

মোঃ অহিদুল ইসলাম
জেলা প্রশাসক
মাগুরা
ফোন: ০২৪৭৭৭১০৩০২ (অফিস)
dcmagura@mopa.gov.bd

CamScanner

জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা ও আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাধারণ প্রশাসনে সরাসরি জনবল নিয়োগের নিমিত্তে ০৪.০৮.২০২৫ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংযোজনীঃ

আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের অনুলিপি/ছবি একজন প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) সত্যায়িত করতে হব।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) প্রথম শেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তানদের প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

চ) কম্পিউটার প্রশিক্ষণের দক্ষতার সনদপত্র;

ছ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ও স্ট্যাম্প সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে;

জ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ তে ১০০/-(একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি (প্রথম কপি) আবেদনের সাথে সংযুক্ত করতে হব;

ঝ) চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;

ঞ) বিস্তারিত তথ্যের জন্য জেলা প্রশাসক, মাগুরার www.magura.gov. bd ওয়েবসাইটের নোটিশ বোর্ড ভিজিট করুন।

১০.০৮.২০২৫

মোঃ অহিদুল ইসলাম
জেলা প্রশাসক
মাগুরা
ফোন: ০২৪৭৭৭১০৩০২ (অফিস)
dcmagura@mopa.gov.bd

CamScanner

# চাকরির আবেদন ফরম

বরাবর
সভাপতি
বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
ও
বিভাগীয় কমিশনার, খুলনা

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২ | বিজ্ঞপ্তি নম্বর: | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়ঃ | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | | | | | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) | | | | | | | |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

CamScanner